23

তারিখ 12 APR 1996
পৃষ্ঠা ৪ কলাম ৫

*The Bangladesh Times*

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## শিক্ষা মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং স্মারক ১/১৪ ৯৫-১০৪-শিক্ষা

তারিখঃ ০৮-০৪-৯৬ ইং, ২৫-১২-১৪০২ বাং

# জরুরী বিজ্ঞপ্তি

## ব্রুনাই দারুস সালাম সরকারের বৃত্তি প্রসংগে

১৯৯৬-৯৭ শিক্ষাবর্ষে ব্রুনাই দারুস সালাম সরকার প্রদত্ত বৃত্তির আওতায় ইনস্টিটিউট টেকনোলজী ব্রুনাই এ- অধ্যায়নের নিমিত্তে মনোনয়নের জন্য বাংলাদেশী যোগ্য প্রার্থীদের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

(২) প্রার্থীদেরকে জিসিই ও লেভেলে ৪টি বিষয়ে ক্রেডিট গ্রেডধারী হতে হবে এবং 'এ' লেভেলে সংশ্লিষ্ট ৩টি বিষয়ে ক্রেডিট গ্রেডধারী হতে হবে। এস এস সি ও এইচ এস সি পরীক্ষায় গড়ে ৮৫% নম্বর প্রাপ্ত এবং উভয় পরীক্ষার পদার্থবিদ্যা, রসায়ন ও গণিতে ৮০% নম্বর প্রাপ্ত প্রার্থীগণ আবেদন করতে পারবেন। প্রার্থীদের ইংরেজী ভাষায় দক্ষ হতে হবে।

৩) সদ্য তোলা পাসপোর্ট আকারের সত্যায়িত ১ কপি ছবি ও সকল পরীক্ষা পাশের মূল সার্টিফিকেট ও নম্বর ফর্দের সত্যায়িত অনুলিপিসহ সাদা কাগজে ইংরেজীতে নিম্নোক্ত ছকে জীবন বৃত্তান্ত আগামী ২১-৪-৯৬ ইং তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট পৌঁছাতে হবে।

**আবেদনপত্রের ছক নিম্নরূপ হবে।**

(ক) নাম :

(খ) পিতার নাম :

(গ) বর্তমান ঠিকানা (টেলিফোন নম্বর সহ) :

(ঘ) সকল পরীক্ষার ফলাফল :

| পরীক্ষার নাম | শাখা | পাশের সন | বিভাগ | প্রাপ্ত মোট নম্বর | শতকরা হার |
|---|---|---|---|---|---|
| এস এস সি/সমমান | | | | | |
| এইচ এস সি/সমমান | | | | | |

এস এস সি ও এইচ এস সি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের যোগফল

(ঙ) এস এস সি ও এইচ এস সি (সমমানসহ) পরীক্ষায় সংশ্লিষ্ট বিষয়ে প্রাপ্ত নম্বরঃ

| | ইংরেজী | পদার্থবিদ্যা | রসায়ন | গণিত | পদার্থবিদ্যা, রসায়ন ও গণিতে প্রাপ্ত নম্বরের গড় |
|---|---|---|---|---|---|
| এস এস সি | | | | | |
| এইচ এস সি | | | | | |

(চ) জন্ম তারিখ এবং ১লা আগষ্ট ৯৬ ইং তারিখে বয়স :

(ছ) জাতীয়তা :

**প্রার্থীর পূর্ণ স্বাক্ষর ও তারিখ**

(জ) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় প্রাপ্ত মোট নম্বরের ভিত্তিতে ৩ জন প্রার্থীর মনোনয়ন দেয়া হবে। নির্বাচিত প্রার্থীদের তালিকা (অপেক্ষমান তালিকা সহ) ২৩/০৪/৯৬ ইং তারিখে শিক্ষা মন্ত্রণালয়ে এবং বাংলাদেশ সচিবালয়ের ৫নং গেটে টাংগিয়ে দেয়া হবে। নির্বাচিত প্রার্থীদের কে ঐ দিন বা পরদিন নির্ধারিত ফরম পূরণ করে দাখিল করতে হবে। তাৎক্ষণিক ভাবে ফরমের সংগে জমা দেয়ার জন্য প্রার্থীদেরকে ২ কপি ছবি, ২ কপি করে সত্যায়িত সার্টিফিকেট ও মার্কসিট (ইংরেজীতে), ২ কপি জন্ম-এর সার্টিফিকেট ও অনাধিক ২০০ শব্দের ষ্টাডি প্লান তৈরী করে রাখার জন্য পরামর্শ দেয়া হল। অন্যান্য দেশের প্রার্থীদের সংগে প্রতিযোগিতার ভিত্তিতে দাতা কর্তৃপক্ষ চূড়ান্তভাবে প্রার্থী নির্বাচিত করবেন।

(ঝ) আবেদনকারী প্রার্থীগণকে নিম্নস্বাক্ষরকারী কার্য্যালয়ের ঠিকানায় ডাকযোগে অথবা সচিবালয়ের ৫ নম্বর গেটে রক্ষিত ২ নম্বর কাঠের বাক্সে দরখাস্ত দাখিল করতে হবে। দরখাস্তের খামের উপরে "ব্রুনাই সরকারের বৃত্তি" এবং "প্রার্থী কর্তৃক এস এস সি ও এইচ এস সি পরীক্ষার প্রাপ্ত নম্বরের যোগফল" স্পষ্টভাবে উল্লেখ করতে হবে। প্রার্থী মনোনয়নের বিষয়ের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত। অসম্পূর্ণ দরখাস্ত বাতিল বলে গণ্য হবে।

**মোঃ আকরাম হোসেন**
সিঃ সহকারী সচিব (বৃত্তি)
ভবন-৬, কক্ষ-১৭০৬
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

ডিএফপি-৭৯১০-১০/৪ (৮×৩)

জিসি-১৬২৪